111780 - বিমানে ইহরাম বাঁধতে ভুলে গেছেনে; তাকে কি ইহরাম করার জন্য মীকাতে ফেরত যেতে হবে

প্রশ্ন

বিমান মীকাত অতিক্রম করার সময় যে ব্যক্তি ভুলে গিয়ে ইহরাম বাঁধেনি; সে যদি গাড়ীতে করে অতিক্রমকৃত মীকাতে ফেরত যেতে চায় সেটা কি জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

হ্যাঁ; জায়েয হবে। নিয়ম হচ্ছে: কোন ব্যক্তি যদি ইহরাম না করে মীকাত অতিক্রম করে ফেলে; সে যদি হজ্জ বা উমরা করতে চায় এবং সে যে স্থানে আছে সে স্থান থেকে ইহরাম বাঁধে তাহলে তার উপর দম ওয়াজিব হবে। আর যদি মীকাতে ফিরে গিয়ে সেখান থেকে ইহরাম বাঁধে তাহলে তার উপর কোন কিছু ওয়াজিব হবে না।

এর ভিত্তিতে আমরা এভাবে উদাহরণ দিতে পারি: উমরা করতে ইচ্ছুক এক ব্যক্তি আল-কাসিম এয়ারপোর্ট থেকে বিমানে চড়ল; সে যদি ইহরাম না করে জেদ্দাতে অবতরণ করে আমরা তাকে বলব: আপনি হয়তো যুল-হুলাইফাতে গিয়ে সেখান থেকে ইহরাম বাঁধবেন; নতুবা জেদ্দা থেকে ইহরাম বাঁধলে আপনার উপর দম ওয়াজিব হবে।[সমাপ্ত]

[শাইখ উছাইমীনের ফতোয়াসমগ্র (২১/৩০২)]